<u>নমুনা চুক্তিনামা</u>

চুক্তিমানা
সহযোগিতা চুক্তিপত্র
(Contract Agreement)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের পক্ষে-

------- প্রথম পক্ষ

এএসএম শফিউল আলম তালুকদার (সহকারী প্রকল্প পরিচালক)
সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প,
আইসিটি টাওয়ার (৬ষ্ঠ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭

------- দ্বিতীয় পক্ষ

প্রধান শিক্ষকের নাম:----------------
------------------প্রাথমিক বিদ্যালয়
------------------------------------
------------ -------------------------
মোবাইল নম্বর:-
উপজেলা: ------------------, জেলা: --------------------।

সহকারী প্রকল্প পরিচালক ''সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প'' আইসিটি টাওয়ার (৬ষ্ঠ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭ এবং প্রধান শিক্ষক, ----------------প্রাথমিক বিদ্যালয়, উপজেলা: -------------, জেলা: ----------------- এর মধ্যে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে এই চুক্তি সম্পাদিত হল:-

**-: শর্তাবলী:-**

**<u>১ম পক্ষ (কর্মসূচী কর্তৃপক্ষ) কর্তৃক করণীয়:</u>**

১) ০১টি ল্যাপটপ, ০২টি ডেক্সটপ কম্পিউটার, ১টি লেজার প্রিন্টার, ১টি স্ক্যানার, ১টি মাল্টিমিডিয়া প্রজেক্টর (স্ক্রীনসহ), ০২টি লোকস্ট আইটি ইকুইপমেন্ট, ১টি থ্রিজি রাউটার এবং ০৬টি কম্পিউটার টেবিল ও ০৬টি চেয়ার এবং ১টি ইন্সট্রাক্টর টেবিল এর সমন্বয়ে একটি ল্যাব স্থাপন করবে।

২) কম্পিউটার ল্যাবে ইনটারনেট সংযোগের সুবিধার জন্য থ্রিজি রাউটার প্রকল্প থেকে স্থাপন করা হবে।

৩) প্রকল্প দপ্তর/ আইসিটি বিভাগ/আইসিটি অধিদপ্তর/প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে বিভিন্ন সময়ে শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম পরিদর্শন ও মনিটরিং করা হবে।

২য় পক্ষ (নির্বাচিত প্রাথমিক বিদ্যালয়) কর্তৃক করণীয়ঃ

১। স্থাপিত কম্পিউটার ল্যাবগুলো সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের দায়িত্বে ব্যবহৃত হবে এবং ল্যাব পরিচালনা, সংরক্ষণ ও মেরামতের সকল দায়িত্ব পালন করবে। কোন ইকুইপমেন্ট বা তার যন্ত্রাংশ বিকল হলে তা তাৎক্ষণিক মেরামত করবে;

২। ল্যাব পরিচালনার সার্বিক দায়িত্বে থাকবেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক। তিনি বিদ্যালয় পরিচালনা কমিটির সহযোগিতায় ল্যাব পরিচালনা ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন করবেন;

৩। প্রতিষ্ঠানের সকল শ্রেণির শিক্ষার্থী এবং শিক্ষক নিয়মিত ল্যাব ব্যবহার করবেন। বিদ্যালয় প্রধান বা দায়িত্বপ্রাপ্ত শিক্ষক প্রতিষ্ঠান প্রধানের অনুমোদনক্রমে, শিক্ষার্থীদের ল্যাব ব্যবহারের জন্য সময়সূচি নির্ধারণ করবেন;

৪। কম্পিউটার ল্যাবগুলোকে ডিজিটাল ক্লাসরুম হিসেবে গড়ে তুলতে হবে। সকল শিক্ষার্থী প্রতি সপ্তাহে বিভিন্ন বিষয়ে যুক্তিসঙ্গত সংখ্যক ক্লাস মাল্টিমিডিয়া ক্লাসরুমে করবে;

৫। সরকারের স্বার্থ সংশ্লিষ্ট কোন কাজে ল্যাব ব্যবহারের প্রয়োজন হলে সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয় জেলা পর্যায়ে জেলা প্রশাসক এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা শিক্ষা অফিসারকে অবহিত করে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন;

৬। ল্যাবের সকল প্রকার ইকুপমেন্টস ও আসবাবপত্রের হিসাব সংরক্ষণের জন্য প্রধান শিক্ষক স্টক রেজিস্টার সংরক্ষণ করবেন;

৭। প্রধান শিক্ষক ল্যাবের নিরাপত্তা ও পরিচ্ছন্নতা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ ল্যাব বন্ধ করার পূর্বে ল্যাবের বৈদ্যুতিক নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করবেন;

৮। ল্যাবের জন্য নির্ধারিত কম্পিউটারসহ অন্যান্য সরঞ্জামাদি কোন অবস্থাতেই ল্যাবের বাইরে ব্যবহার করা যাবে না। তবে বিশেষ প্রয়োজনে ল্যাপটপ এবং মাল্টিমিডিয়া প্রজেক্টর ইত্যাদি প্রধান শিক্ষক ও উপজেলা শিক্ষা অফিসারের অনুমতি সাপেক্ষে ল্যাবের বাইরে ব্যবহার করা যাবে;

৯। ল্যাবে সরকার নির্ধারিত পাঠদান সময়ের বাইরে কম্পিউটার বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা করা যাবে। সেক্ষেত্রে প্রশিক্ষণের ফি থেকে প্রাপ্ত অর্থের ৫০% ল্যাব রক্ষণাবেক্ষণের কাজে ব্যয় করতে হবে। অবশিষ্ট ৫০% প্রশিক্ষণ পরিচালনার জন্য ব্যয় করা যাবে। সকল ব্যয়ের ভাউচার সংরক্ষণ করতে হবে যা নিরীক্ষাযোগ্য। কম্পিউটার ল্যাব এর জন্য পৃথক একাউন্ট পরিচালনা করতে হবে;

১০। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক প্রণীত ১ম থেকে ৫ম শ্রেনীর ২১টি পাঠ্য পুস্তকের ইন্টার অ্যাক্টিভ ডিজিটাল কন্টেন্ট যা জাতীয় শিক্ষাক্রম পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত ইন্টার অ্যাক্টিভ ডিজিটাল কন্টেন্ট (digitalcontent.ictd.gov.bd) ডাউনলোড করে ব্যবহার করতে হবে।

অত্র চুক্তিনামা পড়ে ইহার মর্মার্থ অনুধাবন করে অন্যের বিনা প্ররোচনায় স্বজ্ঞানে স্বাক্ষীগণের উপস্থিতিতে স্বাক্ষর করলাম।

| ১ম পক্ষ | ২য় পক্ষ |
|---|---|
| এএসএম শফিউল আলম তালুকদার<br>(উপ সচিব)<br>ও<br>সহকারী প্রকল্প পরিচালক | (মো: .............. )<br>প্রাথমিক বিদ্যালয় প্রধান<br>----------------------------------<br>উপজেলা:-------------------------, জেলা:-------------------- |
| স্বাক্ষীর নাম, স্বাক্ষর ও তারিখ | স্বাক্ষীর নাম, স্বাক্ষর ও তারিখ, |
| ১। | ১। প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সভাপতি (সিলসহ স্বাক্ষর)<br>ফোন নং- |
| ২। | ২। জেলা/ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সিলসহ স্বাক্ষর)<br>ফোন নং- |
| ৩। | ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা/ আইসিটি) (সিলসহ স্বাক্ষর)<br>ফোন নং- |